



তারিখ: ০৮/০৯/২০২৬খ্রি.

নোটিশ

বিষয়: ডেঙ্গু প্রতিরোধ ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পালন সংক্রান্ত।


স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নির্দেশনার পরিপ্রেক্ষিতে দেশে ডেঙ্গু প্রাদুর্ভাব প্রতিরোধ এবং ডেঙ্গু বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অত্র মেডিকেল কলেজে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ যথাযথভাবে পালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্র. নং	কর্মসূচিসমূহ	কর্মসূচির তারিখ, সময় ও স্থান	বিবরণ
১.	সেমিনার/আলোচনা সভা	০৯ সেপ্টেম্বর ২০২৬, বুধবার সকাল ১০:০০ টা থেকে এক্সাম হল	সাতক্ষীরা মেডিকেল কলেজের মেডিসিন বিভাগের ডা. মো: আসাদুজ্জামান, সহযোগী অধ্যাপক এর নেতৃত্বে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে ডেঙ্গু প্রতিরোধ বিষয়ক সেমিনার/আলোচনা সভা আয়োজন করা হবে। সভায় ডেঙ্গুর কারণ, লক্ষণ, প্রতিরোধ, চিকিৎসা, রোগীর করণীয় এবং ডেঙ্গু প্রতিরোধে ব্যক্তিগত ও সামাজিক দায়িত্ব সম্পর্কে আলোচনা করা হবে।
২.	সচেতনতামূলক র্যালি	১০ সেপ্টেম্বর ২০২৬, বৃহস্পতিবার সকাল ১০:০০ টা থেকে কলেজ ও হাসপাতাল মেইন রোড	সাতক্ষীরা মেডিকেল কলেজের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে ডেঙ্গু প্রতিরোধ ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে র্যালির আয়োজন করা হবে। র্যালিতে ডেঙ্গু প্রতিরোধ, এডিস মশার প্রজননস্থল ধ্বংস এবং পরিচ্ছন্নতা বিষয়ে জনসচেতনতামূলক বার্তা প্রচার করা হবে।
৩.	পরিচ্ছন্নতা অভিযান	১২ সেপ্টেম্বর ২০২৬, শনিবার সকাল ১০:০০ টা থেকে ক্যাম্পাস	সাতক্ষীরা মেডিকেল কলেজের ক্যাম্পাসে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হবে। এ সময় ক্যাম্পাসের বিভিন্ন স্থানে জমে থাকা পানি, পরিত্যক্ত পাত্র, ডাবের খোসা, প্রাস্টিকের পাত্র, টায়ারসহ এডিস মশার সম্ভাব্য প্রজননস্থল চিহ্নিত করে অপসারণ/পরিষ্কার করতে হবে। নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
৪.	সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার	উক্ত কর্মসূচি শেষ হওয়ার পর ওয়েবসাইট/সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার	সাতক্ষীরা মেডিকেল কলেজের বিভিন্ন whatsapp গ্রুপ, ফেসবুক ও কলেজের ওয়েব সাইটে ডেঙ্গু প্রতিরোধ, এডিস মশার প্রজননস্থল ধ্বংস, পরিচ্ছন্নতা এবং ডেঙ্গু আক্রান্ত হলে করণীয় বিষয়ে প্রয়োজনীয় জনসচেতনতামূলকের পোস্ট আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

বি: দ্র: ১. উপরোক্ত কর্মসূচিসমূহের সংবাদ, ছবি ও সংক্ষিপ্ত প্রতিবেদন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নিকট প্রেরণ করা হবে।

২. উপরোক্ত কর্মসূচি কালীন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ব্যাতিত বিভিন্ন বিভাগের নিজস্ব পরীক্ষা ও ক্লাস বন্ধ থাকবে।

উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়ন ও সফল করার জন্য অত্র কলেজের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


অধ্যাপক ডা. হরষিত চক্রবর্তী

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা

ফোন: ০২৪৭৯৯৫০০৮৮

ই-মেইল: satkhiramc@ac.dghs.gov.bd




তারিখ: ০৮/০৯/২০২৬খ্রি.

স্মারক নং-৫৯.১৪.৮৭৮২.১৪৩.০০৩.১৭.০০০১.২৬.২৪৮২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাশালা, ঢাকা-১২১২।
২. একাডেমিক কো-অর্ডিনেটর, সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা।
৩. ফেজ কো-অর্ডিনেটর, ফেজ-১/২/৩/৪, সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা।
৪. বিভাগীয় প্রধান (সকল), সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা।
৫. ক্লাস মনিটর (সকল), ... অত্র কলেজ।
৬. নোটিশ বোর্ড (সকল), অত্র কলেজ।
৭. অফিস নথি।


অধ্যাপক ডা. হরষিত চক্রবর্তী

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

